# 소망의 여인들

## Prayer Calander

2024년 2월

প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’ নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাষায় অনুবাদিত হচ্ছে, এবং ১১০,০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।




### ইউরোপে মহিলাদের জন্য প্রার্থনা 2

আজ, প্রায় 50 মিলিয়ন মানুষ এখনও ক্রীতদাস। পাচারকৃত যৌনদাসী তাদের মধ্যে সবচেয়ে সাধারণ, যার ফলে বিশ্বজুড়ে লক্ষ লক্ষ নারী যৌন শোষণের জন্য বাধ্য হচ্ছে। ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের একটি 2023 রিপোর্ট অনুমান করে যে শুধুমাত্র 2021 সালে জার্মানিতে পাচার হওয়া 44,722 ভুক্তভোগীর মধ্যে 93% মহিলা, এবং তাদের বেশিরভাগই বুলগেরিয়া এবং রোমানিয়ার। আসুন আমরা একসাথে প্রার্থনা করি যাতে ভুক্তভোগী নারীরা স্বাধীনতা লাভ করতে পারে এবং ঈশ্বর যে আশা দিয়েছেন তার উপর নির্ভর করে বাঁচতে পারেন।

카카오톡 채널에서 ‘소망의 여인들’ 채널을 추가하시면 매주 월요일에 한국어 기도카드를 받으실 수 있습니다.

1. প্রভু, ইউক্রেনের প্রত্যেকটি মহিলা ও তাদের পরিবার, যুদ্ধ থেকে তাদের স্বামী এবং বাড়ি-ঘরদোর ছেড়ে ইউরোপের অন্যান্য দেশে পালিয়ে গেছেন, তাদের সান্ত্বনা, শক্তি ও সুরক্ষা দিন। (গীতসংহিতা ৫৯:১৬)
2. পিতা, সুইডেনে সেই সমস্ত মা আর আত্মীয়দের রক্ষা করুন, যাদের সন্তানেরা অপরাধী দলের সদস্য হওয়ার জন্য, তাদের বিরুদ্ধে প্রাণনাশের হুমকি রয়েছে। (গীতসংহিতা ৩২:৭)
3. প্রভু, স্পেনে আমাদের দলকে দয়া করে জ্ঞান দান করুন, যারা Hidden Treasuresকে বর্ধিত করছে যাতে সেটা সে সমস্ত মহিলাদের কাছে পৌঁছাতে পারে, যারা যৌন শোষণে বন্দি হয়ে আছেন। (যোহন ৮:৩৬)
4. হে ঈশ্বর, সার্বিয়ায় আমাদের দলের সামাজিক যোগাযোগ মাধ্যম ও ডিজিটাল পরিচর্য্যার মাধ্যমে জীবন পরিবর্তন করুন। তারা আশাময়ী নারীর যে সমস্ত অনুষ্ঠানগুলি প্রস্তুত করেন তার দ্বারা সবাই যেন আপনাকে অন্বেষণ করতে আর বাইবেলের দ্বারা পরিচালনা পেতে পারে। (গীতসংহিতা ৯০:১৭)
5. পিতা, রাশিয়ার উত্তর ককেশাস অঞ্চলে TWR আশাময়ী নারীর পরিচর্য্যার গ্রাহকদের এবং শ্রোতাদের প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আত্মিক পরামর্শদাতা এবং স্বেচ্ছাসেবকদের উত্থাপন ও পরিচালনা করুন। (হিতোপদেশ ২:৬)
6. পর্তুগালের অর্থনৈতিক পরিস্থিতি গুরুতর। অনেক পরিবার তাদের খাদ্য আর বাসস্থানের জন্যেও খরচ করতে পারে না, যার জন্য কয়েকজনকে তাম্বুতে বাস করতে হয়। ঈশ্বর, আপনার করুনাময় সংস্থানের জন্য বিনতি করি। (গীতসংহিতা ৩৪:৬)
7. প্রার্থনা করি, পোল্যান্ডের সেই সমস্ত মানুষের জন্য যারা নেশার কবলে পড়ে আছেন। প্রভু, তারা যেন মানসিক সুস্থতা লাভ করেন এবং আপনার দ্বারা পরিত্রাণ পেতে পারেন। (রোমীয় ১৩:১৪)
8. পিতা, রুমেনিয়াতে যারা আশাময়ী নারীর অনুষ্ঠানগুলি শুনছেন তাদের জন্য আমাদের নেতৃবর্গকে উৎসাহিত করুন যেন তারা বিষয়বস্তু এবং অতিথিদের বেছে নিতে পারেন যারা সঠিক ভাবে আত্মিক প্রয়োজনীয়তার বিষয় বক্তব্য রাখতে পারেন। (ফিলিপীয় ৪:৯)
9. প্রভু, নরওয়ের মহিলাদের সাহায্য করুন যেন তারা আপনার সঠিক মূল্য বুঝতে পারেন আর কিভাবে তাদের জীবনযাপন করা উচিৎ যাতে তারা তাদের ব্যস্ত জীবনে ভালো অগ্রাধিকার প্রতিষ্ঠা করতে পারেন, সেটা বুঝতেন পারেন। (রোমীয় ১২:২)
10. পিতা TWR আশাময়ী নারীর সম্ভাব্য নেত্রীদের পরিচালনা করুন যারা রোমা এবং ম্যাসিডোনিয়ার কিছু মহিলাদের সঙ্গে জড়িত আছেন। দয়া করে সেখানে যেন তাঁরা Precious and Belovedএর সম্ভাব্য রেকর্ডিংকে পরিচালনা করতে পারেন। (যাকোব ১:৫)
11. নেদ্যারল্যান্ডের বিশ্বাসী মহিলারা যেন তাদের স্বাধীনতাকে ব্যবহার করতে পারেন তাদের চারিপাশের মানুষদের সঙ্গে ঈশ্বরের প্রেম ভাগ করে নিতে। তাদের জনসংখ্যার দুই তৃতীয়ংশ ঈশ্বরকে চেনেন না। (রোমীয় ১:৬)
12. পিতা, ইউরোপের Hidden Treasures দলকে পরামর্শ দিন যারা অনুষ্ঠানের পরবর্তী পর্বগুলি তৈরি করছেন, যেগুলোর লক্ষ্য হলো যৌন পাচার থেকে উদ্ধার পাওয়া ব্যক্তিদের পুনরুদ্ধার করা এবং খ্রীষ্টে একটি নতুন পরিচয় তৈরি করা। (হিতোপদেশ ৩:৫-৬)
13. জার্মানির দাতাদের জন্য ঈশ্বরের ধন্যবাদ দিই যারা ১৪টি দেশের TWR আশাময়ী নারীর দলের জন্য, তাদের অনুষ্ঠান আর প্রকল্পের জন্য সাহায্য করেন। (যিশাইয় ১২:৪))

**TWR Korea 북방선교방송**
서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층
전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr




14. ঈশ্বর পিতা, ফ্রান্সের যে সমস্ত বিশ্বাসী মহিলারা যৌন কর্মীদের কাছে তাদের সেবাকার্য্য করছেন, তাদের জন্য প্রার্থনা করি। তাদের সাহায্য করুন যেন তারা আপনার প্রেম সেই মহিলাদের কাছে ছড়িয়ে দিতে পারেন, যাতে তারা স্বাধীন হতে পারেন। (যোহন ৮:৯-১১)

15. হে ঈশ্বর, ফিনল্যান্ডের মহিলারা, যারা মানসিক ও শারীরিক নির্যাতন সহ্য করছেন তাদের রক্ষা করুন। তারা যেন সাহায্য চাইতে এবং পেতে পারেন, আর তাদের সঙ্গীরা যেন তাদের ভালোবাসতে পারেন। (ইফিষীয় ৫:২৫)

16. পিতা, গ্রীনল্যান্ডের মানুষেরা যেন তাদের ক্রোধ, আকাঙ্খা, এবং দুঃখের ভার আপনার উপরে অর্পণ করতে পারেন, আর আরোগ্যতা পেতে পারেন। তাদের অন্ধকার ও হতাশাকে জয় করতে আপনার মুখ উজ্জ্বল করুন। (গীতসংহিতা ৫৫:২২)

17. স্ক্যানডিনেভিয়া ও নেদ্যারল্যান্ডের TWR সংগঠনগুলি যে নতুন Farsi appকে উন্নত করছেন, তারা যেন ইরানীদের মাঝে ঈশ্বরের প্রেমের বার্তা ছড়িয়ে দিতে পারেন। (মথি ৫:৬)

18. প্রভু, ডেনমার্কের প্রতিটি মহিলা যারা উদ্বেগ, কম আত্মসম্মানবোধ, চাপ, ও মানসিক অসুস্থতায় কষ্ট পাচ্ছেন, তারা যেন আপনার সুস্থতা, শান্তি ও উপস্থিতি লাভ করতে পারেন। (যিশাইয় ৫৭:১৮-১৯)

19. প্রভু, ক্রোয়েশিয়াতে আমাদের সমন্বয়কারী এবং দলের আত্মিক জীবনকে আরো গভীর করে তুলুন। আপনি তাদের মধ্যে যা ঢেলে দেন তা যেন ক্রোয়েশিয়ার মহিলাদের, যাদের তারা পরিচর্য্যা করেন, তাদের উপরে উপচিয়ে পড়ে। (কলসীয় ১:৯-১০)

20. পিতা, বেলজিয়ামে সংখ্যালঘু বিশ্বাসীদের শক্তি ও উৎসাহ দিন। তাদের বিশ্বাসের কারণে যে কঠিনতার মধ্যে দিয়ে তাদের যেতে হয়, তার মধ্যেও তাঁরা যেন শক্ত হয়ে দাঁড়াতে পারেন, তার জন্য তাঁদের সাহায্য করুন। (যোহন ১৬:৩৩)

21. আলবেনিয়াতে আমাদের দলের পাশে থেকে যে সমস্ত সংগঠনগুলো National Shelter of Domestic Violenceএ সেবা করছে, তাদের জন্য ঈশ্বরের ধন্যবাদ দিই। নির্যাতিত মহিলারা যে আপনার অনগ্রহ পেতে এখানে আসতে পারেন আর আশ্রম ছাড়ার পর কোনো স্থানীয় মন্ডলী যেন তাদের গ্রহণ করে। (যোহন ১৩:৩৪-৩৫)

22. ঈশ্বর, আমরা স্পেনের প্রতিটি মহিলার জন্য প্রার্থনা করি যারা চাপ, দুশ্চিন্তা আর মানসিক অসুস্থতায় ভুগছেন। তারা যেন সবাই আপনাকে জানতে পারেন আর আপনার বিশ্রামের অভিজ্ঞতা লাভ করেন। (১ পিতর ৫:৭)

23. প্রভু, যে মহিলারা রুশ ভাষায় নতুন 'Precious and Beloved' এর সম্প্রচার শোনেন কিন্তু তাদের স্বামীরা যাতে রেগে না যান, তার জন্য গোপনে শোনেন, তাদের রক্ষা করুন। তারা যেন আপনাকে জানতে পারেন সেই জন্য তাদের হৃদয় উন্মুক্ত করুন। (মার্ক ৫:৩৬)

24. আমাদের পর্তুগালের দলকে প্রজ্ঞা এবং পরামর্শ দান করুন, প্রভু। আপনার বাক্যকে সবার মধ্যে ছড়িয়ে দিতে এবং প্রতিটি মহিলাকে আপনার মধ্যে তাদের প্রকৃত পরিচয় খুঁজে পেতে সাহায্য করুন। (হিতোপদেশ ৪:৬-৭)

25. হে ঈশ্বর, পোল্যান্ডে ধার্মিক নেতৃ বর্গকে উন্নত করুন যারা মহিলাদের অধিকার রক্ষা করেন এবং উন্নত মানের স্বাস্থ্য পরিষেবা প্রদান করেন। (জন ১৫:১২)

26. নরওয়েতে ১৬ থেকে ১৯ বছর বয়েসের ৪ জন মেয়েদের মধ্যে ১ জন যৌন নির্যাতনের শিকার হয়। প্রভু, এই নির্যাতন থেকে তাদের রক্ষা করুন এবং তাদের মানসিক আঘাত নিরাময় করুন। (যিশাইয় ৪১.১০)

27. পিতা, আলবেনিয়ার TWR আশাময়ী নারী দলকে প্রজ্ঞা দান করুন, যখন তারা পরের প্রজন্ম এবং দেশের মধ্যে হারিয়ে যাওয়া মানুষদের কাছে পৌছিয়ে যাচ্ছেন। (হিতোপদেশ ১১:৩০)

28. স্বর্গীয় পিতা, আপনি আমাদের মাতৃগর্ভে আমাদের বুনেছিলেন; আমরা ভয়াবহরূপে এবং আশ্চর্য্যরূপে আপনার প্রতিমূর্তিতে নির্মিত। দয়া করে ডেনমার্কের আইন প্রণেতাদের জীবনসম্পর্কে আপনার দৃষ্টিভঙ্গি জানাতে পরামর্শ দিন। (গীতসংহিতা ১৩৯:১৩-১৫)

29. প্রভু, ইউরোপের নেতাদের এবং আইন প্রণেতাদের প্রজ্ঞা দান করুন, যখন তারা পতিতাবৃত্তির বিষয় আইন তৈরী করেন। চাহিদা কমাবার জন্য অনেক দেশ যৌন ব্যবসাকে অপরাধ হিসাবে স্বীকৃতি দিচ্ছে। (১ তীমথিয় ২:১-৪)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থন

1. বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনের আর বেশিদিন বাকি নাই, প্রতিবার এই সময়টাতে কিছু না কিছু অঘটন ঘটে থা কে, তাই প্রার্থনা করবেন যেন আগামী নির্বাচন যেন কোন রকম দাঙ্গাহাঙ্গামা ছাড়া ভালমতো সম্পন্ন হয় এবং ঈশ্বরের মনোনীত ব্যক্তি নির্বাচিত হতে পারে।
2. বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এ বং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমজে আত্মিক উদ্দী পনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।
3. এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং প রোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হ চ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদে রকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভা বে তাদের ব্যবহার করেন।

**후원안내**
**국민은행 851-01-0003-724 북방선교방송**
**최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.**